

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর (১ম সংশোধিত) প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১- ৪৯৬

তারিখঃ ২৩.০৪.২০২৫খ্রি.

বিষয়ঃ সিইএ গণের ব্যাংক একাউন্ট প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ কৃষি ও পরিবেশ অধিদপ্তরের স্মারক নং-৮২.১৮.০০০০.০০৪.৪৩.০৬৬.২৫-৩০, তারিখঃ ১৯.০২.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সংযুক্ত সিইএগণের পারিশ্রমিক সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর হতে প্রদান করা হয়। বিগত ২০২৩-২৪ অর্থবছরের অডিট টিম সিইএগণের পারিশ্রমিক তাঁর ব্যাংক একাউন্টে প্রদান না করায় সিইএগণের পারিশ্রমিক প্রদান বাবদ সর্বমোট ৮.৪৬ (আট কোটি ছেচল্লিশ লক্ষ) কোটি টাকার আপত্তি প্রদান করে। এমতাবস্থায় অডিট টিমের পর্যবেক্ষণ অনুযায়ী সিইএগণের পারিশ্রমিক তাঁর নিজ নামীয় ব্যাংক একাউন্টে প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলায় সংযুক্ত সিইএ এর ব্যাংক একাউন্ট খুলে জাতীয় পরিচয় পত্র ও চেক বইয়ের ১ম পৃষ্ঠার ফটোকপি আগামী ১৫-০৫-২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, প্রকল্পের মূল একাউন্ট অগ্রনী ব্যাংক এ থাকায় পারিশ্রমিকের টাকা প্রেরণের সুবিধার্থে সংশ্লিষ্ট সিইএকে অগ্রনী ব্যাংকে একাউন্ট খোলার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
২৩.০৪.২০২৫

(মোঃ আমজাদ হোসেন ডুঞ্জা)

প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ  
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর (১ম সংশোধিত) প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ভবন-২, ৪র্থ তলা, ফার্মগেট, ঢাকা।

মোবাইল-০১৭০৯৮২৭৪০২

ই-মেইল-andfcdls@gmail.com

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৪৭৩ জন)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

০২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

০৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ ময়মনসিংহ।

০৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৬৪ জন)।

০৫। অফিস কপি।